



প্রেস বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পিবপ্রবি) যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে অদ্য ২৬ মার্চ বৃহস্পতিবার সকালে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদ ও সকল মুক্তিযোদ্ধার প্রতি শ্রদ্ধা নিবেদন এবং তাদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়েছে।

এদিন সকাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির আনুষ্ঠানিকতা শুরু হয়। পরে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলামের নেতৃত্বে পিরোজপুর শহরস্থ ভাগীরথী চত্বরের শহীদ স্মৃতি স্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে বীর শহিদদের শ্রদ্ধা জানানো হয়।

শ্রদ্ধা নিবেদন শেষে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভা কক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। পরে মহান স্বাধীনতা সংগ্রামে আত্মোৎসর্গকারী বীর শহিদদের আত্মার মাগফিরাত এবং দেশ ও জাতির সমৃদ্ধি কামনা করে দোয়া করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বলেন, ৫৫ বছরেও স্বাধীনতার সঠিক ইতিহাস রচিত হয়নি। স্বাধীনতার আগে পাকিস্তানিরা আমাদের শোষণ করেছে। কিন্তু স্বাধীন দেশেও দেখা গেছে, শাসক গোষ্ঠী সবসময় সুযোগ-সুবিধা ভোগ করে আর সাধারণ মানুষ নির্যাতিত থাকে। এই অবস্থা থেকে উত্তরণের জন্য তিনি সকলের মানসিকতার পরিবর্তন করে দেশ ও জাতির উন্নতির লক্ষে কাজ করার আহ্বান জানান।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, দেশ গড়ার দায়িত্ব আমাদের সবার। শিক্ষকরা সঠিক নির্দেশনা দেবেন এবং শিক্ষার্থীরা জ্ঞান অর্জন ও সং নেতৃত্বে দেশকে এগিয়ে নিয়ে যাবে। নিজেদের মধ্যে বিভাজন তৈরি না করে সবাইকে নিজের ওপর অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে সম্মিলিতভাবে একটি উন্নত, সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশ গড়ার আহ্বান জানান।

গণিত বিভাগের চেয়ারম্যান ড. মো. মোশাররফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন ড. আকতার হোসেন, পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান ড. মো. মুছা খান, সাইকোলজি বিভাগের চেয়ারম্যান শারমিন ইসলাম নিপা, অর্থ ও হিসাব বিভাগের উপপরিচালক মো. আরাফাত হোসেন, ক্যাশিয়ার হাসিব শেখ, গণিত বিভাগের শিক্ষার্থী নেওয়াজ শরীফ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মুশাহিদ হোসেন তালুকদার)

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর

প্রয়োজনে: ০১৫২১-২১১৩৬৩